তোমরা তোমাদের পিতাদের থেকে বিমুখ হয়ো না। কারণ, যে কেউ স্বীয় পিতা থেকে বিমুখ হলো সে তো কুফুরী করলো।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন; “তোমরা তোমাদের পিতাদের থেকে বিমুখ হয়ো না। কারণ, যে কেউ
স্বীয় পিতা থেকে বিমুখ হলো সে তো কুফুরী করলো।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যে ব্যক্তি জেনে শোনে ইচ্ছা করে স্বীয় পিতার বংশ থেকে বিমুখ হবে, সে ছোট কুফরি করবে। এখানে সত্যিকার কুফর যা একজন মানুষকে চির জাহান্নামী করে তা উদ্দেশ্য নয়। বরং এ হলো বড় কুফরীর চেয়ে ছোট আকারের কুফরী। এ কর্মটি যে হারাম ও ঘৃণিত তা বুঝানোর জন্য এ কথাটি দ্বারা জোর এবং ধমক দেওয়া হয়েছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6377